মহম্মদ সিরাজুদ্দীন আবুজাফর বাহাদুর শাহ

মহম্মদ সিরাজুদ্দীন অবুজফর বহাদুর শাহ

প্রথম খণ্ড

শ্রীসমরেন্দ্রচন্দ্র দেব বর্ম্মা

এস্. সি. আঢ্য এণ্ড কোং

৫৮ ও ১২, ওয়েলিংটন ষ্ট্রীট্, কলিকাতা।

১৯৩০

উপহার

সুপ্রসিদ্ধ চিত্রকর ও সাহিত্যিক বন্ধুবর শ্রীযুত অবনীন্দ্রনাথ ঠাকুর
ডি. লিট্., সি. আই. ই.—যিনি আমাকে চিত্র, সঙ্গীত
এবং সাহিত্য-চর্চ্চায় সর্ব্বদা উৎসাহ প্রদান
করিয়া আসিতেছেন—তাঁহাকে এই
পুস্তকখানি উপহার স্বরূপ
প্রদত্ত হইল।

শ্রীসমরেন্দ্রচন্দ্র দেব বর্ম্মা

৫৯।১, বালীগঞ্জ সারকুলার রোড্,
কলিকাতা
২৫শে ভাদ্র, ১৩৪০ ত্রিপুরাব্দ।

———:*:———

সূচীপত্র

-:*:-

-:*:-

অবতরণিকা

ভুবনবিখ্যাত শাহানশাহ্ মহম্মদ জলালুদ্দীন অকবরের পরবর্ত্তী মুগল বাদশাহ্‌গণ রসনার তৃপ্তিকর দ্রব্য ভোজন, সুরাপান ও রমণীমণ্ডলে বেষ্টিত হইয়া নৃত্য-গীত প্রভৃতি বিলাস-সাগরেই দিবানিশি মগ্ন থাকিতেন, তাঁহারা কখনও বিদ্যানুশীলন করিতেন না—এইরূপ প্রায় লোকেরই ধারণা। একথা যে একেবারে অপ্রকৃত এমন নহে। তথাপি তাঁহাদিগের মধ্যে দুই এক জন যে লেখাপড়া করিতেন এবিষয়ের নিদর্শন আজ পর্য্যন্তও বিদ্যমান রহিয়াছে।

নূরুদ্দীন জহাঙ্গীর বাদশাহ্ ঘোর মদ্যপায়ী হইলেও তাঁহার জীবনে সংঘটিত বিষয়াবলী বিবৃত করিয়া একটী "রোজ্‌নাম্‌চা" অর্থাৎ দৈনিক বিবরণী লিখিয়া গিয়াছেন—আর লিখিয়াছেনও ভালই। ঐ রোজ্‌নাম্‌চা পাঠ করিলে অবগত হওয়া যায় যে, ফার্সী ভাষায় তাঁহার বিশেষ অধিকার ছিল।

জহাঙ্গীর বাদশাহের পর তৈমূর বংশের মিট্ মিট্ প্রদীপ স্বরূপ দিল্লীর শেষ মুগল বাদশাহ্ "মহম্মদ সিরাজুদ্দীন অবুজফর বহাদুর শাহ"-এর নাম উল্লেখযোগ্য। এই ভাগ্যহীন নামে মাত্র বাদশাহ্ যে ফার্সী ও

উর্দ্দু ভাষায় সুপণ্ডিত ও সুকবি ছিলেন, তাঁহার রচিত কবিতা পর্য্যালোচনা করিলেই ইহা স্পষ্টরূপে অবগত হওয়া যায়। এতদ্ব্যতীত তিনি সঙ্গীতকলায়ও বিশেষ ব্যুৎপন্ন ছিলেন—এইরূপ কথিত আছে।

পাশ্চাত্য ইতিহাসকারগণ বহাদুর শাহকে সর্ব্বদা ভোগ-বিলাসে মজিয়া থাকিতেন লিখিলেও তিনি যে একজন সুকবি ছিলেন এবং সঙ্গীত শাস্ত্রে তাঁহার বিশেষ পারদর্শিতা ছিল একথা অস্বীকার করিতে পারে নাই।

বহাদুর শাহের রচিত কবিতা প্রায়ই আমি পাঠ করিয়া থাকি, এবং সেই সমুদয় আমার নিকট অতি মর্ম্মস্পর্শী বোধ হয়। এইজন্য তাঁহার কবিত্বের সম্বন্ধে অল্প দুই একটী কথা বলিয়া তিনি যে সমুদয় কবিতা রচনা করিয়াছেন, তাহা হইতে কয়েকটী কবিতা নির্ব্বাচন পূর্ব্বক বঙ্গানুবাদ সহ ঐ সমস্ত কবিতা তাঁহার কাব্যকলার নিদর্শন স্বরূপ প্রদত্ত হইল। কবিতাগুলি পদ্যে অনুদিত হইলে সুপাঠ্য হইত। কিন্তু কবিতা লেখা আমার অভ্যাস না থাকায় গদ্যেই অনুবাদ করিয়াছি।

উর্দ্দুর প্রতিশব্দগুলি যথাযথভাবে যতদূর সম্ভব বাঙ্গলা করা গিয়াছে এবং পংক্তিগুলিও মূল কবিতার অনুযায়ী বিন্যস্ত হইয়াছে। কিন্তু যে স্থলে ইহা সম্ভব হয় নাই তথায় ভাব ব্যঞ্জনাই করিয়াছি।

মহম্মদ সিরাজুদ্দীন অবুজফর বহাদুর শাহ্

বিদ্যানুরাগী মহম্মদ সিরাজুদ্দীন অবুজফর "বহাদুর শাহ্" নাম ধারণ পূর্ব্বক দিল্লীর সিংহাসনারোহণ করিবার পূর্ব্বাবধিই কাব্য-চর্চ্চায় তাঁহার বিশেষ আসক্তি ছিল, এবং সময়ের অধিক ভাগই কবিতা রচনায় তিনি অতিবাহিত করিতেন। কথিত আছে—সেই সমুদয় কবিতা শাহ্নসীর নামক জনৈক কবির দ্বারা সংশোধন করাইয়া লওয়া হইত।

জ্ঞাত হওয়া যায় যে, উক্ত কবি হৈদ্রাবাদে চলিয়া গেলে দিল্লী নিবাসী সেই সময়ের সুপ্রসিদ্ধ কবি "জৌক"-এর সহিত তিনি কাব্য-শাস্ত্রের অনুশীলনে প্রবৃত্ত হন। বাস্তবিক জৌককেই তাঁহার কবিগুরু বলিতে হইবে।

এই কবির প্রকৃত নাম "মহম্মদ ইব্রাহীম"। "জৌক" তাঁহার "তখল্লুস" ভণিতায় প্রদত্ত নাম। সামান্য এক সৈনিকের পুত্র মহম্মদ ইব্রাহীম কেবল নিজ প্রতিভাবলে অতি কায়ক্লেশে বিদ্যাশিক্ষা করিয়াছিলেন, এবং বহাদুর শাহের দরবারে প্রবিষ্ট হইয়া কবি-সমাজে বিশেষ আদৃত উচ্চপদ "মলিকুশ্শুরা" অর্থাৎ রাজকবি উপাধি অর্জ্জন করেন।

সেই সময়ে "মির্জা অসদুল্লা" খাঁ নামক উচ্চ বংশীয় আর একজন সুপ্রসিদ্ধ কবিও দিল্লীতে আবির্ভূত হন। তাঁহার তখল্লুস "গালিব" ছিল, এবং এই নামেই তিনি সর্ব্বত্র পরিচিত।

বহাদুর শাহ তাঁহার কবিগুরু মহম্মদ ইব্রাহীম জৌককে "মলিকুশ্-শুরা" উপাধি প্রদান পূর্ব্বক যেরূপ সম্মানিত করিয়াছিলেন, সেই প্রকার তিনি মির্জা অসদুল্লা খাঁ গালিবকেও "দবীরুলমুল্ক" "দেশ মধ্যে সুপ্রসিদ্ধ লেখক" উপাধির দ্বারা ভূষিত করেন। জ্ঞাত হওয়া যায় যে, উল্লিখিত দুই কবির মধ্যে কাব্যকলার সম্বন্ধে প্রতিযোগিতা ছিল।

উর্দু ভাষার উৎপত্তির পর অবধি আজ পর্য্যন্ত এই ভাষার বহু কবি ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়াছেন; কিন্তু উল্লিখিত দুই কবির সমকক্ষ কেহই হইতে পারেন নাই—এইরূপ অনেকের অভিমত। তাঁহারা দুই জনেই উর্দু ভাষায় অতুলনীয় কবিতা রচনা করিয়া কবি-সমাজে তাঁহাদের নাম অমর করিয়া গিয়াছেন। ভুবনবিখ্যাত "মহম্মদ সমসুদ্দীন হাফেজ" যেমন পারস্য ভাষার অদ্বিতীয় কবি বলিয়া প্রসিদ্ধ "জৌক" ও "গালিবকেও" উর্দু ভাষার সেই শ্রেণীর কবি বলিলে এমন বিশেষ কিছু অত্যুক্তি হয় মনে করিনা।

উল্লিখিত ভাষার সম্বন্ধে দুই একটী কথা এস্থানে বলিলে অপ্রাসঙ্গিক হইবে না বোধে ইহার উৎপত্তি ও ক্রমবিকাশের বিষয় যথাসম্ভব সংক্ষেপে উল্লেখ করিতেছি।

উর্দু ভাষার উৎপত্তি

উর্দু ভাষার জন্ম-স্থান ভারতবর্ষ, এবং ইহা অধিক পুরাতন নহে। ভাষাটীকে একপ্রকার আধুনিকও বলা যাইতে পারে। "সাহেব-এ-কিরান্ শাহ্জহাঁ" বাদশাহ্ পুরাতন দিল্লীর উত্তরদিকে বর্ত্তমান দুর্গ ও তাহার মধ্যস্থ বাদশাহী মহল ইত্যাদি নির্ম্মাণ পূর্ব্বক নিজ নামানুসারে ঐ অঞ্চল "শাহজহানাবাদ" নামে অভিহিত করেন। সেই সময়ে তথায় যে একটী সুবৃহৎ "উর্দু" অর্থাৎ সৈনিক বাজার স্থাপিত হইয়াছিল,

তাহাতে নানা দেশীয় লোকের সমাবেশ ও গমনাগমন হেতু আরবী, ফার্সী ও হিন্দী প্রভৃতি নানা ভাষার শব্দ মিশ্রিত হইয়া নূতন একটী ভাষা উৎপন্ন হয়। এইরূপে ভাষাটী "উর্দু" হইতে উদ্ভব হওয়াতে "উর্দু" আখ্যা প্রাপ্ত হইয়াছে। প্রকৃতপক্ষে মুগল সম্রাট্ অকবর শাহের রাজত্ব-কালেই তাঁহার রাজধানীতে নানা দেশীয় লোকের সমাগম ও সম্মিলনে এই ভাষার সূত্রপাত হইয়াছিল।

উক্ত ভাষাকে ইংরাজেরা "হিন্দুস্থানী বোল" কহে। সর্ব্ব-সাধারণের সুবিধার জন্য লর্ড ওয়েল্স্লির শাসনকালে ইহা ফার্সীর পরিবর্ত্তে বৃটিশ আদালত প্রভৃতি রাজ-কার্য্যালয়ে প্রচলিত হয়। এবং আজ পর্য্যন্ত উর্দু ভাষা উত্তর-পশ্চিম প্রদেশ ও আরও কতিপয় অঞ্চলে ঐরূপ ব্যবহৃত হইতেছে।

বর্ণিত ভাষা বৃটিশ রাজ কার্য্যালয়ে প্রচলিত হইলে ইংরাজ কর্ম্মচারিগণের অধ্যয়নের উপযুক্ত পুস্তকের অভাবে নানা অসুবিধা ঘটে। সেই সব অভাব মোচন করিবার উদ্দেশ্যে উর্দু ভাষার ব্যাকরণ ও অভিধান এবং "বাগ ও বহার" প্রভৃতি কতকগুলি গদ্য পুস্তক ইংরাজ গভর্ণমেণ্টের আনুকূল্যে সেই সময়ে রচিত হইয়াছিল।

উর্দু ভাষায় আরবী ও ফার্সীশব্দের আধিক্য হেতু ইহা লিখিতে ফার্সী অক্ষরই ব্যবহৃত হইয়া থাকে। কি গদ্যে কি পদ্যে ইহার স্থান বিশেষের পদবিন্যাস ফার্সী ব্যাকরণের নিয়মানুসারেই করা হয় এবং ফার্সী কবিতার ছন্দেই বর্ণিত ভাষার কবিতাও রচিত হইয়া থাকে।

আদৌ উর্দু ভাষা সাধারণতঃ বাক্যালাপেই ব্যবহৃত হইত। ইহাকে সাধারণ লোকের কথিত ভাষা বিবেচনায় হেয় মনে করিয়া

কোন সাহিত্যিকই এই ভাষায় লেখাপড়া করিতেন না। যাহা হৌক ক্রমবিকাশে ইহা উন্নত হইতে থাকিলে উক্ত ভাষায় কবিতাদি রচিত হইতে আরম্ভ হয় এবং ক্রমে "সোদা", "জৌক", "আতশ", প্রভৃতি সুপ্রসিদ্ধ কবিগণ বর্ণিত ভাষায় উচ্চ শ্রেণীর কবিতা রচনা করিয়া ইহার শ্রীবৃদ্ধি সাধন করেন। কিন্তু গালিব ব্যতীত তাঁহারা কেহই কোন গদ্য পুস্তক লিখেন নাই।

বহাদুর শাহের কবিতা রচনা

বহাদুর শাহ তাঁহার রচিত কবিতার ভণিতায় নিজ নাম "জফর"-ই তখল্লুস্ রূপে ব্যবহার করিতেন। উর্দু ভাষায় তিনি এত অধিক কবিতা লিখিয়াছেন যে, এইরূপ বহুসংখ্যক কবিতা আর কাহারও দ্বারা রচিত হইয়াছে কিনা বলিতে পারিনা। তাঁহার "কুলীয়াত" অর্থাৎ সম্পূর্ণ কবিতা-সংগ্রহ দেখিলে মনে হয়—ইহা যেন একটী কবিতার সমুদ্র।

সঙ্গীত চর্চ্চা ব্যতীত বহাদুর শাহের দরবারে প্রায়ই "মশ' আরা" (কবিসম্মিলন) হইত বলিয়া জ্ঞাত হওয়া যায়। তাঁহার রচিত গজল অর্থাৎ গীতি কবিতার অনেকগুলি একসময়ে লোকে সচরাচর গাইত। যদিও অধুনা তাহা বিরল হইয়াছে, তথাপি সেই সমুদয় গজল যে একেবারে গীত না হয় এমন নহে—ঐসব গীতিকবিতা এখনও মাঝে মাঝে কোন কোন ব্যক্তিকে গাইতে শুনা যায়।

সেই সময়ের সুপ্রসিদ্ধ কবি "জৌক" ও "গালিব"এর রচিত কবিতা অদ্বিতীয় বলিয়া খ্যাতি লাভ করিয়া থাকিলেও বহাদুর শাহের রচিত কবিতা যে উক্ত দুই মহাকবির রচিত কবিতা হইতে কোন অংশে হীন—এইরূপ আমি মনে করিনা। তিনি যে সমুদয় কবিতা রচনা

করিয়া গিয়াছেন, সেই সমস্ত যেমন সরল ও ভাবের মাধুর্য্যে পূর্ণ, শব্দগুলিও সেইরূপ লালিত্যময়। বহাদুর শাহ যে কবিত্ব শক্তি লইয়াই জন্মগ্রহণ করিয়াছিলেন, ইহা তাঁহার রচিত কবিতা নিচয় পর্য্যবেক্ষণ করিলে স্পষ্টই প্রতিপন্ন হয়। তাঁহার রচিত কবিতায় প্রায়ই প্রচলিত ভাষা এবং হিন্দী শব্দ প্রয়োগ হইতে দৃষ্ট হয়। ইহার উদাহরণ স্বরূপ নিম্নে একটী কবিতা উল্লেখ করা হইল। এতদ্ব্যতীত হিন্দী ব্রজ ভাষায় রচিত তাঁহার আর একটী গজল অন্যান্য কবিতার সহিত দেওয়া হইল।

کون نگر سے آئے هم اور کون نگر میں باسے هیں -

جائینگے پهر هم کون نگر کو هوتے من میں هراسے هیں *

کیسا ملک هے کیسا روپیه کیسي چال اور کیسي ڈهال -

یاهي من کو اندیشے هیں اور یاهي جي کو ساسے هیں *

دیس نیا هے بهیس نیا هے رنگ نیا هے ڈهنگ نیا -

کون آنند کرے هے واں اور رهتے کون اداسے هیں *

کیا کیا پهل دیکهے هم نے پہلے اس پهلواي میں -

اب جو پهلے اس میں پهل هیں اورهي این میں باسے هیں *

دنیا هے اک رین بسیرا بہت گئي رهي تهوڑي سي -

آنسے کهدو سونا جاویں نیند میں جو که نداسے هیں *

কৌন নগরসে আয়ে হম ঔর কৌন নগরমেঁ বাসে হৈঁ,

জায়েঙ্গে ফির হম কৌন নগরকো হোতে মন মেঁ হরাসে* হৈঁ

কৈসা মুল্ক* হৈ কৈসা রূপীয়া কৈসী চাল ঔর কৈসী ঢাল,

য়াহী মনকো অন্দেশে* হৈঁ ঔর য়াহী জীকো সাসে হৈঁ।

দেস নয়াহৈ ভেস নয়াহৈ রঙ্গ নয়া হৈ ঢঙ্গ নয়া,

কৌন আনন্দ করেহৈ ওআঁ ঔর রহতে কৌন উদাসে হৈঁ।

ক্যা ক্যা ফুল দেখে হম্‌নে পহলে ইস ফুলওয়ারী মেঁ,

অব্ জো ফুলে ইস্‌মেঁ ফুলহৈঁ ঔরহী ইন্‌মে বাসে হৈঁ।

দুনীয়া* হৈ এক রয়ন বসেরা বহুত গয়ী রহী থোরীসী,

উন্‌সে কহদো সো না জাওয়ে নীঁদমে জোকি নিন্দাসে হৈঁ।

অনুবাদ

কোন্ নগর হইতে আমি আসিয়াছি আর কোন্ নগরে বাস করি,

আবার কোন্ নগরে যাইব মনে আশঙ্কা হইতেছে।

কেমন দেশ, কেমন টাকা, কেমন চাল আর কেমন চলন,

ইহাই মনে সন্দেহ হইতেছে আর ইহাই প্রাণে ধোঁকা লাগিতেছে

দেশ নূতন, বেশ নূতন, রঙ্গ নূতন, ঢং নূতন,

কে সেখানে আনন্দ করিতেছে আর কে উদাস রহিয়াছে।

* এই কবিতার চিহ্নিত চারিটী শব্দ ব্যতীত আর সমস্তই হিন্দী, তার মধ্যেও অনেকগুলি প্রচলিত ভাষার শব্দ।

এই উদ্যানে প্রথম আমি কি কি ফুল দেখিয়াছি,
এখন ইহাতে যে ফুল ফুটিয়াছে তাহার অনুরূপ ঘ্রাণ পাইতেছি।
ধরা এক রাত্রির বাসস্থান তার অধিকাংশ চলিয়া গিয়াছে আছে অল্পই
উহাকে বলিয়া দেও শুয়ে যেন নাপড়ে নিদ্রায় যে চেতন হারায়।

বহাদুর শাহ্ রেঙ্গুনে নির্ব্বাসিত হইয়া এই কবিতা লিখিয়াছিলেন বলিয়া মনে হয়।

বহাদুর শাহের সূফী মতে অনুরাগ

কথিত আছে—বহাদুর শাহ "তসৌঅফ্" অর্থাৎ সূফী মতের অনুরাগী ছিলেন, এবং সচরাচর তিনি ঐ মতাবলম্বী ব্যক্তিগণের সহিত সূফী মতসম্বন্ধে আলোচনা করিতেন। এই মতের উপর তাঁহার বিশেষ শ্রদ্ধা ও বিশ্বাস থাকাতে তিনি যে সমুদয় কবিতা রচনা করিয়াছেন, তন্মধ্যে অনেকগুলিই সূফী ভাবব্যঞ্জক। জ্ঞাত হওয়া যায় যে, সেই সব কবিতা সূফীগণের মজলিসে আদরে গীত ও আবৃত্তি করা হইত।

"সূফী" মত বেদান্তেরই অনুরূপ। "নিয়োপ্লেটনিজম্" হইতে উক্ত মতের উদ্ভব হইয়াছে—এইরূপ পাশ্চাত্য পণ্ডিতগণের অভিমত। কিন্তু বেদান্ত হইতেই সূফীমত উৎপন্ন হইয়া থাকা সম্ভব। কারণ বেদান্তের মূল মন্ত্র যেমন "সোঽহং," ঠিক তাহারই প্রতিশব্দ "অন্‌অল্ হক্"ও সূফীগণের মূলমন্ত্র। এ দুইটী শব্দের অর্থ "ব্রহ্ম ও আমি অভিন্ন" এই একই কথা।

বৈষ্ণবেরা স্বয়ং প্রেমিকা হইয়া শ্রীভগবানকে যেমন প্রেমিক বা পতিভাবে আরাধনা করে, সূফীগণও সেই প্রকার স্বয়ং প্রেমপিপাসী হইয়া শ্রীভগবানকে প্রেমপাত্রী রূপে সম্বোধন করিয়া থাকে।

ইরান দেশের সুপ্রসিদ্ধ কবি মহম্মদ শমসুদ্দীন হাফেজ ও অন্যান্য কবিদিগের রচিত সূফীভাব ব্যঞ্জক কবিতা নিচয়ে যে সুন্দরী, সুরা ও নিরাশ প্রেমিকের বিলাপ বর্ণিত আছে, সে সুন্দরী কে ? সুরা ও নিরাশ প্রেমিকের বিলাপই বা কি ? সুন্দরী—শ্রীভগবান্। সুরা তাঁহারই প্রেমে মত্তকারী মদিরা রূপ ভক্তি ; আর সেই সচ্চিদানন্দ পরমব্রহ্মের সমীপে পঁহুছিয়া তাঁহাতে যে লীন হইতে পারিতেছেনা, এই দুঃখময় আর্ত্তনাদই বিরহীর বিলাপ।

হাফেজ এবং অপরাপর কবিগণ সূফীভাব সমন্বিত কবিতা দুই অর্থ প্রকাশক প্রহেলিকার ন্যায় লিখিয়াছেন—এই জন্য ঐ সব কবিতার প্রকৃত ভাব উদ্ধার করিতে অনেক সময় বেগ পাইতে হয়। ঐ শ্রেণীর যে সমুদয় কবিতা বহাদুর শাহ রচনা করিয়াছেন, তন্মধ্যে দুই একটী স্পষ্টরূপে লিখিত হওয়াতে সেই সব কবিতার প্রকৃত অর্থ অনায়াসেই বুঝিতে পারা যায়। ঐরূপ একটী কবিতা নিম্নে উল্লেখ করা হইল।

جو عرش سے ہے فرش تلک سب اسي ميں ہے - ديکهه آنکهه کهولکر
کيا کيا نہيں ہے اس ميں سب کچهه اسي ميں ہے - پهر چاهئے نظر *
دل اپنا پہلے زنگِ کدورت سے صاف کر - مانندِ آئينه
پهر تو بغور ديکهه اس آئينه ميں ہے - کيا حسن جلوه گر *
پيدا نگاه کر که تجلیِ حسنِ يار - سب جا ہے اشکار
شعله سے طور کے نہيں کم روشني ميں ہے - پر سنگ کا شرر *
کيوں کعبه و کنشت ميں سر مارتا ہے تو - سر گرم جستجو
تو جسکو ڈهونڈهتا ہے چهپا وه تجهی ميں ہے - پر تو ہے بے خبر *

جوشِ بہارِ حسن سے کس گل کے اے صباہ ، ہے یہ جنونکا جوش

مصروف اس قدر جو گریباں دري میں ہے - ہر غنچہ ہر سحر *

ہے دورِ جام و صحبتِ یارانِ زندہ دل - کیفیتِ حباب

کچھہ ہے اگر مزا تو یہي زندگي میں ہے - باقي ہے دردِ سر *

ہے خود پرست پوچھتا ہے خدا کي راہ - ہے وہ بہت قریب

گم کردہ راہ آپ تو اپني خودي میں ہے - اس سے ہے دور تر *

صد داغِ سوزِ عشق سے کہا بلکہ صد ہزار - ہر داغ دل پہ تو

لذت تجھے نصیب اگر عاشقي میں ہے - اے سوختہ جگر *

افشاے راز عشق نہ کر کہکے جي کي بات - پردہ هي خوب ہے

جي هي میں اپنے رہ نے دے جوکچھہ کہ جي میں ہے - خاموش اے ظفر *

জো অরশ সে হৈ ফরশ্ তলক সব ইসী মেঁ হৈ
দেখ্ আঁখ খুলকর্,
ক্যা ক্যা নহিঁ হৈ ইস মেঁ সবকুছ ইসী মেঁ হৈ
পর চাহীয়ে নজর।
দিল্ অপনা পহেলা জঙ্গ-এ-কদূরত সে সাফ্কর
মানিন্দ এ-আইনা,
ফির তু বগৌর দেখ ইস আইনা মেঁ হৈ
ক্যা হুসন্ জলুয়াগর।
পৈদা নিগাহ্ কর কি তজল্লী-য়ে-হুসন-এ-ইয়ার
সব যা হৈ আশ্কার,

গুলাসে তুরকে নহীঁ কম রোশ্‌নী মেঁ হৈ

পর সঙ্গকা শরর্।

কুঁ্য কবাও কুনিশ্‌ত মেঁ সির মারতা হৈ তু

সর গরম জস্তজু,

তু জিস্‌কু ঢুণ্ডতা হৈ ছিপা ওহ্‌ তুঝি মেঁ হৈ

পর তু হৈ বে খবর।

জোশ-এ-বহার-এ-হুসনসে কিস গুলকে ঐ সবা

হৈ য়হ্ জনূন্‌কা জোশ,

মসরুফ ইস কদর জো গরিবান্ দরী মেঁ হৈ

হর গুঞ্চা হর সহর।

হৈ দৌর-এ-জাম্ ও সহবত-এ-ইয়ারান-এ-জিন্দা দিল

কৈফিয়ত-এ-হবাব,

কুছ্‌ হৈ অগর মজা তো এহী জিন্দগী মেঁ হৈ

বাকী হৈ দর্দ-এ-সির।

হৈ খোদ পরস্ত পুছতা হৈ খুদা কি রাহ

হৈ ওহ বহুত করিব,

গুম করদা রাহ আপ তু অপনী খোদী মে হৈ

ইস্‌সে হৈ দূরতর।

সদ্ দাগ-এ-সৌজ-এ-ইশ্‌কসে খা বল্কি সদ হজার

হর দাগ দিলপতু,

লজ্জত তুঝে নসিব অগর আশকী মেঁ হৈ

অয় সোখতা জিগর।

ইফশা-এ-রাজ-এ-ইশ্‌ক নকর কহকে জী কি বাত
পরদা হি খুব হৈ,
জীহী মেঁ অপনে রহনেদে জো কুছ কি জী মেঁ হৈ
খামুশ ঐ "জফর"।

অনুবাদ

স্বর্গ হইতে মর্ত্ত্য পর্য্যন্ত যাহা আছে, সব এতে আছে
চোখ মেলে দেখ্,
কি ইহাতে নাই, সব কিছু ইহাতে আছে
কিন্তু দৃষ্টিশক্তি চাই।
নিজ হৃদয় প্রথমে মলিন মরিচা হইতে পরিষ্কার কর্
দর্পণের মত,
তার পর মনোযোগ দিয়ে দেখ—ঐ দর্পণে আছে
কি সুস্পষ্ট সৌন্দর্য্য।
চক্ষু জন্মা, তবে দেখিবি বঁধুর উজ্জ্বল ভাতি
সর্ব্বত্র প্রকাশিত,
*তূর পর্ব্বতের অগ্নিশিখাতে আলো ন্যূন নহে
কিন্তু সে প্রস্তরের চমক।
কেন তুই মক্কার ভজনালয়ে ও দেবমন্দিরে শির প্রহার
করিতেছিস্, অনুসন্ধানে ব্যাকুল হইয়া,

---

* তূর পর্ব্বত হইতে মোজস ঈশ্বরের আদেশ আনিবার কালে তথায়ই উজ্জ্বল আলো প্রদীপ্ত হইয়াছিল—এইরূপ কথিত আছে।

তুই যার অনুসন্ধান করিতেছিস্ সে তোরই ভিতর লুকাইয়া আছে
কিন্তু তুই জানিতে পারিতেছিস্ না।

হে প্রাতঃসমীরণ, বসন্ত-সৌন্দর্য্যের উত্তেজনায় কোন্ ফুলের
এই উন্মত্তের উন্মাদনা,

কণ্ঠবাস মুক্ত করিতে (বিকসিত হইতে) এরূপ ব্যস্ত হইয়া আছে
প্রতি কুসুমকলিকা প্রতি প্রভাতে।

উৎফুল্লচিত্ত বন্ধুগণের সমাবেশ ও একের হস্ত হইতে অপরের
হস্তে সুরাপাত্রের পরিচালন, বুদ্‌বুদের মত,

যদি কিছু সুখভোগ থাকে তবে এই জীবনেই
তারপর শিরঃপীড়ামাত্র।

স্বার্থসেবী হও কিন্তু ভগবানের পথ জিজ্ঞাসা কর
তাহা অতি নিকটেই,

তুই স্বয়ং অভিমানে পথ হারাইয়াছিস্
ইহাতেই দূরতর হইয়াছে।

প্রেমানলের শত দগ্ধচিহ্ন সহিয়া লও
প্রতি দাগ তোর হৃদয়ে—

প্রেমের সুখ ভোগ যদি তোর ভাগ্যে থাকে
অরে দগ্ধ হৃদয়।

মনের কথা বলিয়া প্রেমের গুপ্ত বিষয় প্রকাশ করিস্‌না
উহা অতি গোপনীয়,

নিজ মনেই রাখিয়া দে, যাহা কিছু মনে আছে
রে "জফর" চুপ্‌ থাক্।

বহাদুর শাহ তাঁহার রচিত দুই একটী কবিতার স্থান বিশেষে "রিন্দ" মতেরও প্রশংসা করিয়াছেন। ইহাতে মনে হয় যে, এই ভাবুক কবি যেন ঐ মতের প্রতিও শ্রদ্ধাবান্ ছিলেন।

রিন্দ মত

সুরাপানে উন্মত্ত ব্যক্তিকে ফার্সী ভাষায় "রিন্দ" কহে। এই নামে খ্যাত সাধকেরা রোজা, নমাজ ইত্যাদি মুসলিম ধর্ম্ম-বিধানের কোন ধার ধারেন না। মূঢ়তা বশতঃ যে তাঁহারা এইরূপ করেন তাহা নহে—জ্ঞানবলেই রিন্দগণ এই প্রকার আচরণ করিয়া থাকেন। পাশ্চাত্য-গণ যাঁহাদিগকে ফ্রিথিংকর (Free-thinker) কহে তাঁহারা সেই মতাবলম্বী।

উল্লিখিত পন্থায় উপাসকেরা সুরাপায়ী ব্যক্তির ন্যায় উন্মত্ত হইয়া দিবানিশি শ্রীভগবানের প্রেমরূপ মদিরাতে মজিয়া থাকেন বলিয়াই তাঁহারা "রিন্দ" নামে প্রসিদ্ধ আখ্যা প্রাপ্ত হইয়াছেন।

বর্ণিত কবি বাদশাহ আমরণ কাব্যানুশীলনে দিন যাপন করিয়াছিলেন। শেষ জীবনে তিনি যে সমস্ত দুঃখময় কবিতা রচনা করিয়াছেন, সে সমুদয় অতি মর্ম্মভেদী। ব্যথার ব্যথী ব্যতিরেকে অপর ব্যক্তি কেবল কল্পনার উপর নির্ভর করিয়া এইরূপ হৃদয়স্পর্শী কবিতা লিখিতে পারিবে কিনা—ইহা সন্দেহজনক।

রেঙ্গুনে বহাদুর শাহের মৃত্যু

অদৃষ্টের বিড়ম্বনায় বহাদুর শাহ বৃদ্ধ বয়সে নির্ব্বাসিত হইয়া রেঙ্গুনে অবস্থান করিবার কালে ১৮৬২ খৃষ্টাব্দে, নভেম্বর মাসের একাদশ দিনে তথায় কালকবলে পতিত হন। তাঁহার সিংহাসনারোহণ

ও মৃত্যুর বৎসর উর্দু ভাষায় রচিত একটী কবিতায় এইরূপ উল্লেখ আছে :—

سراجِ دین بو ظفر مسافر وہ سوے جنّت ہوا روانہ -

کہ جس کے باعث مئے خوشي سے چھلک رہا تھا اياغِ دهلي *

"چراغِ دهلي" جلوس کا سال ہے سو اب بهي مطابق اوسکے -

سروشِ غیبي نے سالِ رحلت کہا "بجھا ہے چراغ دهلي *

সিরাজ-এ-দীন বুজফর মুসাফির ওহ্

সুয়ে জিন্নত হোআ রৌয়ানা,

কি জিস্‌কে বা'এস্ মৈ-এ-খুশীসে ছলক্ রহাথা

অয়াগ্-এ-দেহিলী।

"চিরাগ-এ-দেহিলী" জলুসকা সালহৈ

সু অবভী মূতাবিক্ ইস্‌কে,

সরুশ-এ-গৈবীনে সাল-এ-রিহলত্ কহা

"বুঝা হৈ চিরাগ্-এ-দেহিলী।"

অনুবাদ

পথিক সিরাজ-এ-দীন বুজফর

সুরধামে যাত্রা করিয়াছেন,

যাহার কারণ পান-পাত্র-রূপ দিল্লী

প্রমোদ-সুরাতে উচ্ছলিত হইত।

"দিল্লীর প্রদীপ" এই কথা সিংহাসনারোহণের সন বুঝায়
এবং এখনও তাহা ঐরূপ জ্ঞাপন করে,
"দিল্লীর প্রদীপ নিবিয়াছে" এই কথায়
অদৃশ্য হইতে এক দেবদূত তাহার মৃত্যুর তারিখ কহে।

আরবী ও ফার্সীতে অব্জদ্ অর্থাৎ অক্ষরের দ্বারা সংখ্যা নির্ণয়ের যে প্রণালী আছে, তদনুসারে "চিরাগ-এ-দেহিলী" (দিল্লীর প্রদীপ) কথার কয়েকটী অক্ষর ১২৫৩ সংখ্যা বুঝায়। উল্লিখিত কবিতানুসারে সেই হিজরীতে বহাদুর শাহ্ সিংহাসনারোহণ করিয়াছিলেন এবং "বুঝাহৈ চিরাগ-এ-দেহিলী" (দিল্লীর প্রদীপ নিবিয়াছে) একথার কয়েকটী অক্ষরে ১২৭৯ হিজরীতে তাঁহার মৃত্যু হইয়াছে, প্রকাশ করে।

নামে মাত্র হইলেও দিল্লীর বাদশাহ্ বলিয়া জন সমাজে পরিচিত হতভাগ্য বহাদুর শাহ্ ভাগ্যদোষে জন্মভূমি হইতে নির্ব্বাসিত হইয়া শেষ জীবনে যে ভাবে দিন যাপন করিয়াছিলেন, ইহা ভাবিতে গেলে মনে হয় যেন, তাঁহার রচিত কবিতার নিম্নলিখিত "মত্‌লা" অর্থাৎ প্রথম দুই পংক্তি গোরের নীচ হইতে তিনি করুণ স্বরে গাইতেছেন।

پسِ مرگ میرے مزار پر جو دیا کسي نے جلا دیا ۔
اوسے آہ دامنِ باد نے سرِ شامھي سے بجھا دیا *

পস-এ-মর্গ মেরে মজার পর জো দীয়া কিসিনে জলাদিয়া,
উসে আহ্ দমন-এ-বাদনে সর-এ-শাম্হিসে বুঝাদিয়া।

অনুবাদ

মৃত্যুর পর আমার সমাধির উপরে
কোন ব্যক্তি যে প্রদীপটী জ্বালাইয়া দিয়াছিল,
দুঃখের দীর্ঘ নিঃশ্বাসে তাহা
সন্ধ্যার প্রারম্ভেই নিবাইয়া দিয়াছে।

মহম্মদ সিরাজুদ্দীন অবুজফর বহাদুর শাহ্ এ নশ্বর ধরার দুঃখ তাপ পদদলিত করিয়া তাঁহার চিরবাঞ্ছিত প্রিয়জনের সহিত মিলন-উদ্দেশ্যে চির-সুখময় অবিনশ্বর দেশে চলিয়া গিয়াছেন—সেখান হইতে আর ফিরিবেন না। সাধারণের স্মৃতি হইতেও তাঁহার কথা কালক্রমে মুছিয়া যাইতে পারে। কিন্তু যে সমুদয় সুললিত কবিতা তিনি রাখিয়া গিয়াছেন, সেই সমুদয় তাঁহার কাহিনী উর্দু ভাষায় শিক্ষিত ব্যক্তি মাত্রেরই হৃদয়ে জাগরূক রাখিবে।

-:*:-

বহাদুর শাহের রচিত কতিপয় কবিতা

غزل

نہ درویشوں کا خرقہ چاہئے نہ تاجِ شاہانا -

مجھے تو ہوس دے اتنا رہوں میں تجھہ پہ دیوانا *

کتابوں میں دھرا ہے کیا بہت لکھہ لکھہ کے دھو ڈالیں -

ہمارے دل پہ نقشِ فی‌الحجر ہے تیرا فرمانا *

ندیکھا وہ کہیں جلوہ جو دیکھا خانۂ دل میں -

بہت مسجد میں سر مارا بہت سا ڈھونڈا بتخانا *

کچھہ ایسا ہو کہ جس سے منزلِ مقصود کو پہونچوں -

طریق پارسائي ہو وے یا ہو راہ رندانا *

یہ ساري آمد و شد ہے نفس کي آمد و شد پر -

اسي تک آنا جانا ہے نہ پھر جانا نہ پھر آنا *

ظفر وہ زاہد بیدرد کي ہو حق سے بہتر ہے -

گرے گر رند دردِ دل سے ہاؤ ہوے مستانا *

-:O:-

গজল

ন দরওয়েশোঁকা খিরকা চাহিয়ে ন তাজ্-এ-শাহানা,
মুঝে তো হওস্ দে এতনা রহুঁ মৈঁ তুঝ প দিওয়ানা।
কিতাবোঁ মেঁ ধরাহৈ ক্যা বহুত লিখ্ লিখ্কে ধো ডালে,
হমারে দিল প নক্শ-এ-ফিল্হজর হৈ তেরা ফরমানা।
ন দেখা ওহ কহিঁ জলোয়া জো দেখা খানা-এ-দিলমেঁ,
বহুত মসজিদমেঁ সির মারা বহুত সা ঢূঁডা বুত্খানা।

কুছ ঐসা হো কি জিসসে মঞ্জল-এ-মক্‌সদ্‌কো পহুঁচুঁ,
তরিক-এ-পারসাই হো ওয়ে ইয়া হো রাহ্‌-এ-রিন্দানা।
য়হ সারি আমদ্‌ ও শুদ্‌হৈ নফস্‌কি আমদ্‌ ও শুদপর,
উসি তক আনা যানাহৈ ন ফির যানা ন ফির আনা।
"জফর" ওহ্‌ জাহিদ বেদর্দ্দাকি হো হক্‌সে বেহেতরহৈ,
গিরে গর রিন্দ দর্দ-এ-দিলসে হাও হোয়ে মস্তানা।

-:o:-

অনুবাদ

দরওয়েশগণের খির্কাও চাইনা, রাজমুকুটও চাইনা,
তোর জন্যই যেন উন্মত্ত থাকি আমাকে এই বাসনা দে।
নানা গ্রন্থে কত কি আছে তার অনেক লিখিয়া ধুইয়া ফেলিয়াছি,
আমার হৃদয়ে তোর আদেশ শিলালিপির ন্যায় রহিয়াছে।
কোথাও সেই উজ্জ্বল রূপ দেখি নাই হৃদয়-মন্দিরে যাহা দেখিয়াছি,
অনেক মস্‌জিদে মাথা কুটিয়াছি, অনেক মন্দিরে খোঁজিয়াছি।
এমন কিছু উপায় হয় যে, যাহাতে উদ্দিষ্ট স্থানে পহুঁছা যায়,
তাহা পবিত্র পন্থিগণের মতেই হউক, বা "রিন্দ" গণের মতেই হউক।
এই সব আসা যাওয়া আত্মারই যাতায়াত,
ঐ পর্য্যন্ত আসা যাওয়া করা চাই, আর যেন ফিরিয়া আসিতে
ও যাইতে না হয়।
"জফর" ঐ হৃদয়হীন সন্ন্যাসী হইতে ভাল—
যদি সহৃদয় রিন্দের হাতে পড়ে, সে উন্মত্তই হউক না কেন।

————:o:————

غزل

هم نے دنیا میں آکے کیا دیکھا

دیکھا جو کچھه سو خواب سا دیکھا

هے تو انسان خاک کا پتلا

لیک پانی کا بلبلا دیکھا

خوب دیکھا جہان کے خوباں کو

ایک تجهه سا نه دوسرا دیکھا

ایک دم پر هوا نه باندہ حباب

دم کو دم بهر میں یہاں هوا دیکھا

سامنے اُس نگاہ کے دل کو

هدفِ ناوکِ قضا دیکھا

نهوے تري خاکِ پا هم نے

خاک میں آپ کو ملا دیکھا

اب نه دیجے ظفر کسي کو دل

که جس سے دیکھا بے وفا دیکھا

-:O:-

গজল

হম্‌নে দুনিয়ামেঁ আকে ক্যা দেখা,
দেখা জো কুছ সো খোআব সা দেখা।
হৈ তো ইন্‌সান্‌ খাক্‌কা পুতলা,
লেক্‌ পানীকা বুলবুলা দেখা।
খুব দেখা জহানকে খুবাঁকো
এক তুঝসা ন দুস্‌রা দেখা।
এক দম পর হওআ ন বান্ধ হবাব্‌
দমকো দম ভরমেঁ ইহাঁ হওআ দেখা।
সামনে উস নিগাহ্‌কে দিলকো
হদফ্‌-এ-নাওক্‌-এ-কজা দেখা।
নহোয়ে তেরী-খাক্‌-এ-পা হামনে
খাক্‌মেঁ আপকো মিলা দেখা।
অব ন দিজে "জফর" কিসীকো দিল,
কি জিসসে দেখা বেওফা দেখা।

অনুবাদ

ধরাতে আসিয়া আমি কি দেখিলাম,
যাহা কিছু দেখিয়াছি সমস্তই স্বপ্ন যেন দেখিলাম
মনুষ্যকে তো মৃত্তিকার পুত্তলী
কিংবা জল বুদ্‌বুদের স্বরূপ দেখিলাম।

জগতের সুন্দরীদিগকে উত্তম রূপে দেখিয়াছি,
তোর মত দ্বিতীয় আর দেখি নাই।
বুদ্‌বুদ এক নিমেষে গর্ব্ব করিও না,
জীবনকে এখানে পলকে বায়ুতে লীন হইতে দেখিয়াছি
ঐ দৃষ্টির সম্মুখে হৃদয়কে—
মৃত্যুবাণের লক্ষ্য-স্থল দেখিয়াছি।
আমি তোর পদ-ধূলি হই নাই,
আমাকে ধূলার সহিত মিশ্রিত দেখিলাম।
"জফর" এখন কাহাকেও হৃদয় সমর্পণ করিও না
যাহাকে দেখিয়াছি তাহাকেই অকৃতজ্ঞ দেখিলাম।

———:o:———

غزل

دل کا آئینہ جب صفا دیکھا -
وہ جو پنہاں تھا برملا دیکھا *
تو وہ یکتا ہے تیری صورت کا -
نہ سنا اور نہ دوسرا دیکھا *
یہ جہان ہے عجب تماشا گاہ -
ہر تماشا یہاں نیا دیکھا *
ہم نے راہِ وفا میں غیر از عشق -
کوئی اپنا نہ رہ نما دیکھا *

خاک دنیا کي سیر کي هم نے -

یه تو اک یوں‌هي خواب سا دیکها *

کهول کر آنکهه اپني مثلِ حباب -

کچهه نـه هم نے بجـز فنـا دیکها *

عشق هے یا بلا که اس میں ظفر -

ایک عـالم کو مبتـلا دیکها *

———:o:———

গজল

দিলকা আইনা জব সফা দেখা,

ওহ্ জো পিনহাঁ থা বরমলা দেখা।

তু ওহ্ একতা হৈ তেরী সূরতকা,

ন সুনা ঔর ন দুস্‌রা দেখা।

য়হ জহান হৈ অজব তমাশা গাহ্,

হর তমাশা ইহাঁ নয়া দেখা।

হম্‌নে রাহ্-এ-ওফামেঁ গৈর অজ্ ইশ্‌ক,

কোই অপনা ন রহ্‌নুমা দেখা।

খাক্ দুনিয়াকী সৈর কী হম্‌নে,

য়হ্‌তো এক য়োঁহী খোআব সা দেখা

খোলকর আঁখ অপনী, মসল-এ-হবাব—

কুছ্ন হম্নে বজুজ্ ফণা দেখা।

ইশ্ক হৈ য়া বলা কি ইস্মে "জফর"

এক আলম্‌কো মবতলা দেখা।

-:o:-

অনুবাদ

হৃদয়-মুকুর যখন পরিষ্কার দেখিয়াছি

সে যে লুক্কায়িত ছিল তাহাকে সুপ্রকাশিত দেখিলাম

তুই সেই—তোর রূপের তুলনা নাই,

হেন রূপ দ্বিতীয় দেখি নাই, আর শুনি নাই।

এই বিশ্ব একটী অদ্ভুত রঙ্গভূমি,

এখানকার সমস্ত রঙ্গই নূতন দেখিলাম।

সত্য-পথে আমি প্রেম ব্যতিরেকে—

কাহাকেও আমার পথপ্রদর্শক দেখিলাম না।

সারাটী জগৎ আমি পরিভ্রমণ করিয়াছি,

সমস্তই স্বপ্নের মত দেখিলাম।

আমি চোখ মেলিয়া বুদ্‌বুদের মত—

ধ্বংস ব্যতীত কিছুই দেখিলাম না।

প্রেমই হউক অথবা আপদই হউক তাহাতেই "জফর"

সারা জগৎকে বিজড়িত দেখিতে পাইলাম।

——:o:——

غزل

چلا گیا شبِ غمِ دل کا داغ صبح کے وقت -

وگرنہ ہوتے ہیں گل شبِ چراغ صبح کے وقت *

نسیم صبح کے جھونکے سے ہو گراں خاطر -

چمن میں جاے جو وہ خوش دماغ صبح کے وقت *

شبِ وصال میں گھبرا کے وہ اُٹھے چونک کر -

لگي جو بول نے کنجشک و زاغ صبح کے وقت *

چمن میں کون صبوحي کو آئے گا ساقي -

گلوں کے دھوئے ہے شبنم اياغ صبح کے وقت *

سفر کي فکر کر اے غافل آگئي پيري -

پڑا ہوا ہے تو کیوں با فراغ صبح کے وقت *

يہ لاغري ہے کہ بستر پہ رات بھر مجھکو -

اجل نے ڈھونڈھا جو پایا سراغ صبح کے وقت *

ظفر نے خواب میں کس گل‌کو رات دیکھا تھا -

کہ اُٹھا خواب سے ہو باغ باغ صبح کے وقت *

———:o:———

গজল

চলা গিয়া শব-এগম-এ-দিলকা দাগ সুবহ্‌কে ওক্ত,

ওগরনা হোতে হৈঁ গুল্ শব-এ-চিরাগ সুবহকে ওক্ত।

নসীম-এ-সুবহকে ঝোঁকেসে হো গিরাঁ খাতর্,

চমন মেঁ যায়ে জো ওহ্ খোশ্ দিমাগ্ সুবহ্‌কে ওক্ত

শব-এ-ভিসাল্ মে ঘব্রাকে ওহ্ উঠে চৌক, কর্,

লগী জো বোলনে কঞ্জশক্ ও জাগ্ সুবহকে ওক্ত।

চমন মেঁ কৌন সবুহী কো আয়েগা সাকী,

গুলোঁকে ধোয়ে হৈ শব্নম্ অয়াগ্ সুবহকে ওক্ত।

সফর্কী ফিকির্ কর ঐ গাফিল আগয়ী পীরী,

পড়া হোয়া হৈ তু ক্যুঁ বফরাগ সুবহকে ওক্ত।

য়হ লাগরী হৈ কি বিস্তর প রাত ভর্ মুঝ কো,

অজলনে ঢুঁঢা জো পায়া সুরাগ সুবহকে ওক্ত।

জফরনে খোআব্ মে কিস্ গুলকো রাত দেখা থা,

কি উঠা খোআব সে হো বাগ্ বাগ্ সুবহকে ওক্ত।

-:০:-

অনুবাদ

রজনীর মনদুঃখের দগ্ধ-চিহ্ন প্রভাতে চলিয়া গিয়াছে;

নতুবা নিশার প্রদীপ ঊষাতে নিবিয়া যাইত।

প্রাতঃসমীরণের হিল্লোলে স্ফূর্ত্তিহীন বোধ হইলে,

মালঞ্চে গমন কর সেই উৎফুল্লকারী প্রভাত কালে।

মিলন-যামিনীতে সে শঙ্কিত হইয়া চমকিয়া উঠিয়াছিল,

প্রভাতে যখন চটক পাখী ও কাক ডাকিতে লাগিল।

সাকী—প্রত্যুষের কোন্ সুরাপায়ী মালঞ্চে আসিবে,

সুরাপাত্ররূপ কুসুম নিচয়কে প্রাতে শিশির ধৌত করিয়াছে।

রে অনবধান যাত্রার চিন্তা কর্ বার্দ্ধক্য আসিয়াছে,
প্রভাতকালে কেন তুই নিশ্চিন্ত মনে পড়িয়া রহিয়াছিস্।
সারা নিশি শয্যার উপর আমার এই দুর্ব্বলতা হইয়াছে যে,
মৃত্যু অনুসন্ধান করিয়া প্রভাতে আমার খোঁজ পাইয়াছে
রজনীতে "জফর" কোন্ প্রসূনকে স্বপ্নে দেখিয়াছিল,
হর্ষচিত্তে নিদ্রা-ত্যাগ করিয়া প্রভাতে উঠিয়াছে।

غزل

دیتا ہے جو مزا تیرے لب سے کلامِ تلخ -
رکھتي ہے کب یہ لطف مئے لعل فام تلخ *
صیاد آب و دانہ کي تو پوچھتا ہے کیا -
ہے اب تو زندگي بھي مجھے زیرِ دام تلخ *
کیا کیا غضب سے زہر اوگلتے ہو تم واے -
اک حرف منہ سے کہتا نہیں یہ غلام تلخ *
صفراے رنج و غم سے ہے ترے مریض کا -
منہ تلخ حلق تلخ زباں تلخ کام تلخ *
ہے شیشۂ سپہر میں زہرِ آب جاے مے -
کیوں کر نہ عیشِ بزمِ جہاں ہو مدام تلخ *
گو حرفِ پند تلخ ہے پر دل میں رکھہ ظفر -
اک روز یہ دوا ترے آئے گي کام تلخ *

———:o:

গজল

দেতা হৈ জো মজা তেরে লব্‌সে কলাম্‌-এ-তল্‌খ,
রখতি হৈ কব য়হ লুত্‌ফ মৈ-এ-লাল ফাম তল্‌খ।
সৈয়াদ আব ও দানাকী তু পুছতা হৈ ক্যা,
হৈ অবতো জিন্দগী ভী মুঝে জের-এ-দাম তল্‌খ।
ক্যা ক্যা গজব্‌ সে জহর ওগল্‌তে হো তুম ওলে—
এক হরফ মুঁসে কহতা নহিঁ য়হ গুলাম তল্‌খ।
সফ্রায়ে রঞ্জ ও গমসে হৈ তেরে মরেজ্‌কা—
মুঁ তল্‌খ হল্‌ক তল্‌খ জবান তল্‌খ কাম তল্‌খ।
হৈ শীশা-এ-সিপহর মেঁ জহর আব্‌ যায়ে মৈ,
ক্যুঁকর ন অয়েশ এ-বজম-এ-জহাঁ হো মুদাম্‌ তল্‌খ।
গো হরফ-এ-পন্দ তলখ হৈ পর্‌ দিলমেঁ রখ "জফর,"
এক রোজ য়হ দোআ তেরে আয়েগী কাম তল্‌খ।

অনুবাদ

তোর মুখের উগ্র কথা যে সুখ প্রদান করে,
লোহিত বর্ণের উগ্র সুরাতে কোথায় সে রস।
খাদ্য ও পানীয়ের বিষয় ব্যাধ তুই কি জিজ্ঞাসা করিতেছিস্‌,
ফাঁদের নীচে এখনতো আমার জীবনও তিক্ত হইয়াছে

কি প্রচণ্ড ভাবে তুই বিষ উদ্গার করিতেছিস্—তথাপি
এই দাস একটীও তিক্ত কথা বলিতেছে না।
তোর দুঃখ ও তাপের পিত্তে রোগীর—
মুখ তিক্ত, কণ্ঠনালী তিক্ত, জিহ্বা তিক্ত ও তালু
তিক্ত হইয়াছে।
মদিরার সুরাহী সুনীল গগন সুরার পরিবর্ত্তে তিক্ত বারিতে পূর্ণ,
ধরাতলের বিলাস-সম্মিলন কেন নিরন্তর তিক্ত হইবেনা।
উপদেশ বাণী তিক্ত হইলেও মনে রাখিয়া দিস্ "জফর,"
এই তিক্ত ঔষধই একদিন তোর কাজে আসিবে।

غزل

سامانِ مسرت دلِ پُرغم سے نہ ہوگا -
ہم غم سے جدا ہونگے پہ غم ہم سے نہ ہوگا *

ہر اشک کے قطرونسے بہے سیکڑوں دریا -
کیا کیا نہ ابھی دیدۂ پُرنم سے نہ ہوگا *

گر بوسہ ہمیں دوگے تو ہم دل تمہے دینگے -
گر تم سے نہ ہوگا وہ تو یہ ہم سے نہ ہوگا *

کیا تاب ہے ہو سامنے اُس تیغِ نگاہ کے -
ایسا ہی جگر میرا ہے رستم سے نہ ہوگا *

هم شرط یہ کرتے هیں کہ بیمار تمهارا -

چنگا وہ کبهي عیسیٔ مریم سے نہ هوگا *

ذرہ جو ظفر کے درِ دولت کي هے مشتاق -

کم رتبے میں وہ نیر اعظم سے نہ هوگا *

-:*:-

গজল

সামান-এ-মসর্‌ত দিল-এ-পুরগমসে ন হোগা,

হম গমসে জুদা হোঁগে প গম হমসে ন হোগা।

হর অশ্‌ককে কত্রোঁসে বহে সৈকড়োঁ দরিয়া,

ক্যা ক্যা ন অভী দীদ-এ-পুরনমসে ন হোগা।

গর বোসা হমেঁ দোগে তো হম দিল তুমহে দেঁগে,

গর তুমসে ন ওহ হোগা তো য়হ হমসে ন হোগা।

ক্যা তাব হৈ হো সামনে উস তেগ-এ-নিগাহ্‌ কা,

ঐসাহী জিগর মেরা হৈ রুস্তমসে ন হোগা।

হম শর্ত য়হ করতে হৈঁ কি বীমার তুমহারা,

চঙ্গা ওহ কভী ইসায়ে মরীয়ম সে না হোগা।

জর্রা জো "জফর" কে দর-এ-দৌলতকে হৈ মুশ্‌তাক,

কম রুত্‌বেমেঁ ওহ নৈয়র-এ-আ'জম্‌সে ন হোগা

-:*:-

অনুবাদ

আমোদ প্রমোদের আয়োজন দুঃখময় হৃদয়ের দ্বারা হইবে না ;

আমি দুঃখ হইতে সরিয়া যাইব কিন্তু দুঃখ আমাকে ছাড়িবে না

প্রত্যেক অশ্রুবিন্দু হইতে শত শত নদী প্রবাহিত হয়

সিক্ত আঁখির দ্বারা এখন কি কি হইবে না।

যদি আমাকে চুম্বন কর তো তোমাকে আমি প্রাণ দিব,

তোমার দ্বারা যদি উহা না হয় তবে আমার দ্বারা ইহা হইবেনা।

ঐ নয়ন তরবারির সম্মুখী হওয়া কি সাধ্য আছে,

*

এমনই আমার হৃদয় যে, রুস্তমের দ্বারা তাহা হইবে না।

আমি পণ করিতেছি যে, তোমার এই রোগ

মেরীর পুত্র যীশুর দ্বারা কখনও উহা আরোগ্য হইবে না।

"জফর"-এর বাসভবন-দ্বারের যে ক্ষুদ্র কণিকাটী সে উচ্চাভিলাষী,

নীচ পদের সে, দিবাকরের ন্যায় হইবে না।

-:*:-

غزل

بھري تھي ساغر ميں رات ساقي نے ايسي خوشبو شرابِ خالص -

نہ اُسکو پہونچے ہے مشکِ خالص نہ اُسکو پہنچے گلابِ خالص *

اِس آرزو ميں کہ اُسکے پانوں کے چھلے کوئي مجھے بنادے

اِدھر تو ہے سيم ماہ خالص اُدھر زر آفتاب خالص

* সুপ্রসিদ্ধ পারস্য দেশীয় কবি ফির্দোসীর রচিত মহাকাব্য "শাহ-নামায়" বর্ণিত বিখ্যাত বীর।

حلاوت اُس شیریں لعل لب کي نه پوچهو بوسے کي هے یه شیریں -
که جو کوئي انگبینِ خالص کو کهولدے لیکے آبِ خالص *

دلِ شکسته درست میرا نهووے کیونکر کے هاتهه آئے -
تمهارے بوسه کے خالِ مسکیں کے مومیائي شتاب خالص *

سمیمِ گیسوے عنبریں سے تیرے وه همسر کبهي نهوگا -
هزار عنبر ظفر منگائے کہیں سے آئے پر حجاب خالص *

-:o:-

গজল

ভরীথী সাগরমেঁ রাত সাকীনে ঐসী খুশ্‌বু শরাব-এ-খালিস্‌
ন উস্কো পহুঁচেহৈ মুশ্‌ক-এ-খালিস ন উস্কো পহুঁচে গুাব-এ-খালিস
ইস অরজুমেঁ কি উস্কে পাঁওঁ কে ছল্লে কোই মুঝে বনা দে,
ইধর তো হৈ সীম-এ-মাহ্‌ খালিস উধর জর-এ-আফ্‌তাব্‌ খালিস।
হলাওত্‌ উস্‌ শীরীঁ লাল লব্‌কী ন পুছো বুসেকী হৈ য়হ্‌ শীরীঁ,
কি জো কোই অঙ্গবীন্‌-এ-খালিসকো খোলদে লেকে আব-এ-খালিস।
দিল-এ-শিকস্তা দুরস্ত মেরা নহো ওয়ে কুঁ্যনকর কি হাথ আয়ে,
তুমহারে বুসাকে খাল-এ-মুস্কীঁকে মোমীয়াই শিতাব খালিস।
সমীমে-এ-গেসু-এ-অম্বরীঁসে তেরে ওহ হমসর্‌ কভী নহোগা,
কি হজার অম্বর "জফর" মঙ্গাইয়ে-কহীঁসে আয়ে পুরহিজাব খালিস।

———:*:———

অনুবাদ

রজনীতে সাকী এমন সুবাসিত বিশুদ্ধ সুরাতে পাত্র পূর্ণ করিয়াছিল ;
বিশুদ্ধ মৃগনাভি ও গুলাব সুবাসে তার সমকক্ষ হইতে পারে না।
কেহ যেন আমাকে তার পদাঙ্গুলীর অঙ্গুরীয় করে, এই বাসনায় যে,
এদিকেতো বিশুদ্ধ রৌপ্য চন্দ্রমা, ওদিকে বিশুদ্ধ সবিতা।
ঐ অরুণরঞ্জিত মধুর অধরচুম্বনের মধুরতা জিজ্ঞাসা করিওনা ইহা হেন মধুর ;
কেহ যেন বিশুদ্ধ বারি লইয়া বিশুদ্ধ মধুপাত্র খুলিয়া দিয়াছে।
আমার ক্ষতবিক্ষত অন্তঃকরণ কেন সুস্থ হইবে না,
স্নিগ্ধকর মোমীআই রূপ তোমার কৃষ্ণতিল চুম্বন করিতেই পাইয়াছি
অম্বরে সুবাসিত তোর কুন্তল বাসের তুল্য উহা কখনই হইবে না,
সহস্র বিশুদ্ধ অম্বর যেখান হইতেই "জফর" আনয়ন করাউকনা রে অবগুণ্ঠীতে।

:*:-

غزل

بلائیں زلفِ جاناں کی اگر ایتے تو هم لیتے -
بلا یہ کون لیتا جان پر لیتے تو هم لیتے *
نہ لیتا کوئي سودا مول بازارِ محبت کا -
مگر جان نقد اپني بیچ کر لیتے تو هم لیتے *
اُسے کیا هے غرض جو بے سبب ڈهونڈتا پهرتا -
دلِ نا کام اپنے کي خبر لیتے تو هم لیتے *

جو ہوتا ہم سے ہم بستر بھلا کہہ تیرا کیا جاتا -

تڑپ کر کروٹیں شب بھر اگر لیتے تو ہم لیتے *

لگایا جام ہونٹھوں سے جو اسنے مجھکو رشک آیا -

کہ بوسہ اس کے لبوں کا اے ظفر لیتے تو ہم لیتے *

-:*:-

গজল

বলাএঁ জুল্‌ফ-এ-জানাঁকী অগর লেতে তো হম লেতে,

বলা য়হ কৌন লেতা জান পর লেতে তো হম লেতে।

ন লেতা কোই সৌদা মোল বাজার-এ-মুহব্বত কা,

মগর জান নকদ্ অপনী বেচকর লেতে তো হম লেতে।

উসে ক্যায়হৈ গরজ জো বেসবব ওহ ঢূঢ়তা ফিরতা,

দিল-এ-নাকাম অপনে কী খবর লেতে তো হম লেতে।

জো হোতা হমসে হমবিস্তর ভলাকহ তেরা ক্যা যাতা,

তড়প কর করওটেঁ শবভর অগর লেতে তো হম লেতে।

লগায়া জাম হোটোঁ সে জো উসনে মুঝকো রিশ্‌ক আয়া,

কি বোসা উসকে লবোঁকা ঐ "জফর" লেতে তো হম লেতে।

-:*:-

অনুবাদ

প্রিয়তমার কুন্তলের বালাই যদি নেয়, তো আমি নেই ;

কে হেন আপদকে প্রাণেতে নেয়, নেয় তো আমি নেই।

প্রেমবাজারের পণ্য দ্রব্য কেহই ক্রয় করে না

কিন্তু নিজমন নকদ বিক্রয় করিয়া ক্রয় করিতো আমি ক্রয় করি।

কি উদ্দেশ্যে অকারণে সে ঘুরিতে ফিরিতেছে,

অকিঞ্চিৎকর হৃদয়ের সংবাদ নেয় তো আমি সংবাদ নেই।

আমার সঙ্গে শয়ন করিলে, ভাল—বল্ তোর কি যায়,

ছট্‌ফট্ করিয়া সারানিশি পার্শ্বপরিবর্ত্তন করিতে থাকে তো আমি করিতে থাকি।

সে যে অধরে সুরাপাত্র ঠেকাইয়াছিল ইহাতে আমার ঈর্ষা হইয়াছে,

হে "জফর" তাহার অধর যদি চুম্বন করে তো আমি চুম্বন করি।

——:*:——

ر

غمِ دل کس سے کہوں کوئی بھي غمخوار نہیں   غمِ فرقت کے سوا

اور اگـــر پوچھے کــوئي قــابل اظہــار نہیں   چپکا رهنا هے بھلا *

زلف کے پیچ سے چھٹ سکتا نہیں کوئي دل   اور یه پیچ پــه پیچ

کون ســا دل هے که اُس میں گرفتار نہین   هے عجب دامِ بــلا *

سیکڑوں هیں جــگر افــگار هزاروں دلِ ریش   تیرے هاتھوں لیکن

پاس تــیرے کوئي خنجر کوئي تلوار نہیں   هاں مگر ناز و ادا *

کیا تیرے چشمِ سیه مست کي کیفیت هے   که جہاں هے بدمست

جسکو اب دیکھو وه بیہوش هے هوشیار نہیں   اے بتِ هوشربــا *

مــر میٹے خاکِ درِ یــار پــه عشاق ظــفر   کــه جو هونا سو هو

اُٹھه کے اب جائیں کہــاں طاقتِ رفتار نہیں   مثلِ نقشِ کفِ پا *

——:*:——

মুস্তজাদ্

গম্-এ-দিল কিস্ সে কহুঁ কোই ভী গম্‌খোআর নহীঁ
গম-এ-ফুর্কতকে সিওয়া ;
ঔর অগর পূছে কোই কাবিল-এ-ইজহার নহী
চুপকা রহনা হৈ ভালা।
জুল্‌ফ কে পেচ সে ছুট সকতা নহীঁ কোই দিল
ঔর য়হ পেচ প পেচ ;
কৌন সা দিলহৈ কি উস্‌মে গিরফ্‌তার্ নহীঁ
হৈ অজব্ দাম-এ-বলা।
সৈকড়োঁ হৈঁ জিগর্ -এ-অফ্‌গার হজারোঁ দিল রীশ
তেরে হাথোঁ লেকিন্
পাস তেরে কোই খন্‌জর কোই তরওয়ার নহীঁ
হাঁ মগর্ নাজ ও অদা।
ক্যা তেরে চশ্‌ম-এ-সিয়া মস্তকী কৈফিয়ত্ হৈ
কি জহান্ হৈ বদমস্ত,
জিস্‌কো অব্ দেখো ওহ্ বেহোশ্ হৈ হুশিয়ার নহীঁ
ঐ বুত-এ-হোশ্‌রুবা।
মর মিটে খাক্-এ-দর-এ-য়ার প উশ্‌শাক্ "জফর"
কি জো হোনা সো হো,
উঠকে অব্ জায়েঁ কহাঁ তাকত্-এ-রফ্‌তার্ নহীঁ
মসল-এ-নক্‌শ-এ-কফ-এ-পা

-:*:-

অনুবাদ

অন্তর বেদন কাহাকে জানাইব দুঃখের দুঃখী কেহই নাই
বিরহ বেদন ব্যতীত।

আর যদি কেহ জিজ্ঞাসা করে, প্রকাশ করা সঙ্গত নহে
নীরব থাকাই শ্রেয়।

কুন্তলের ফাঁস হইতে কোন হৃদয়ই মুক্ত হইতে পারে না
ফাঁসের উপর ফাঁস,

হেন কোন্ হৃদয় আছে যাহা তাহাতে জড়িত নহে
আপদের অদ্ভুত ফাঁদ।

তোর মনোহর উন্মত্ত চক্ষুর কি অবস্থা
যেন জগৎ উন্মত্ত,

যাহাকে দেখিস্ সে অজ্ঞান হইয়া যায় জ্ঞান থাকে না
অরে সুন্দরি, জ্ঞানহারিণি।

শত শত ক্ষত হৃদয়ে হইয়াছে, বহু সহস্র আঘাত অন্তরে লাগিয়াছে
তোর হাত হইতে, কিন্তু—

তোর নিকট কোন ছুরিকা ও তরবার নাই
আছে ঠাট ঠমক।

প্রেমিক "জফর" মরিয়া বধূর দ্বারের ধূলার সহিত মিলিয়াছে
যাহা হইবার তাহাই হউক

এখন উঠিয়া কোথায় যাই, চলৎ শক্তিহীন—
পদচিহ্ন স্বরূপ।

-:*:-

غزل

سب کارِ جہان ہیچ ہے سب کارِ جہان ہیچ -
اس ہیچ سے اُمید ہے اے ہیچ مدان ہیچ *

جن نامورون کے کہ جہان زیرِ نگین تھا -
اب ڈھونڈھے تو اُنکا ہے کہاں نام و نشان ہیچ *

مانندِ حباب ایک نفس میں ہے خرابي -
اِس منزلِ فاني میں ہے بنیادِ مکان ہیچ *

ایک عمر رہے مایۂ دنیا سے گراں بار -
آخر کو جو دیکھا تو بجز بارِ گراں ہیچ *

اِس باغ میں تھوڑي سي بہار اور اسپر -
اے نوگلِ خندان مجھے تشویش خزاں ہیچ *

ہو جنس تنگ یہ ھستي کے نہ خواھاں -
یہ جنسِ یہ بازار یہ گوھر یہ دکان ہیچ *

آوازِ طرب گوشِ دل محو فنا سے -
جز نالہ و فریاد و بجز آہ و فغان ہیچ *

جو ہوني ھي ہوگیي نہیں امکان کہ نہو وے -
پھر فکر سے کیا فائدہ غیر از خفقان ہیچ *

کیا دیکھیں ظفر خانۂ ھستي کا تماشا -
اس وھم کدا میں ہے بجز وھم و گمان ہیچ *

———:*:

গজল

সবকার-এ-জহান হীচ্ হৈ সব কার-এ-জহান হীচ্ ;
ইস হীচ্‌সে উমেদ হৈ ঐ হীচ্‌মদান্ হীচ্ ।
জিন্ নামওয়রোঁকে কি জহান জের এ-নগীন থা,
অব ঢোঁঢে তো উন্‌কাহৈ কহাঁ নাম ও নিশান হীচ্
মানিন্দ-এ-হবাব এক নফ্‌স মেঁ হৈ খরাবী,
ইস্ মন্‌জল-এ-ফানী মেঁ হৈ বুনিয়াদ-এ-মুকান হীচ্ ।
এক উমর রহে মায়া-এ-দুনিয়াসে গিরাঁবার,
আখিরকো জো দেখা তো বজুজ্ বার-এ-গিরাঁ হীচ ।
ইস্ বাগমেঁ থোরাসী বহার ঔর ফির উসপর—
ঐ নৌ গুল-এ-খন্দান মুঝে তশোইশ-এ-খিজাঁ হীচ ।
হো জিন্‌স-এ-তনিক য়হ্ হস্তীকে ন খোয়াহাঁ,
য়হ জিন্‌স্ য়হ বাজার, য়হ গৌহর, য়হ দুকান হীচ ।
আওয়াজ-এ-তরব গো-শ-এ-দিল-এ-মহ্ ফনা সে ।
জুজ নালা ও ফরিয়াদ ও বজুজ্ আহ্ ও ফুগান হীচ্ ।
জো হোনী হী হোগী নহীঁ ইম্‌কান্ কি নহো ওএ,
ফির ফিকরসে ক্যা ফা’ এদা গৈর আজ খফকান্ হীচ
ক্যা দেখেঁ “জফর” খানা-এ-হস্তীকা তমাশা,
ইস ওহম্ কদা মেঁ হৈ বজুজ্ ওহম ও গুমান্ হীচ্ ।

—:*:

অনুবাদ

ধরাতলের সব কাজই তুচ্ছ, জগতের সব কাজই বৃথা ;
রে মূঢ় এই তুচ্ছ হইতেই আশা ভরসাও তুচ্ছ।
এই ধরণী যে খ্যাতনামাগণের আয়ত্তে ছিল,
এখন তাঁহাদের নাম ও চিহ্ন অনুসন্ধান করা যায় তো কোথাও
—কিছুই নাই।
বুদ্‌বুদের ন্যায় যে এক নিশ্বাসে বিনষ্ট হয়,
এই হেন নশ্বর স্থানে গৃহের ভিত্তি স্থাপন করা বৃথা।
সারা জীবন জগতের ধনরত্নে ভারগ্রস্ত,
অবশেষে যাহা দেখিলাম ভারবোঝা ব্যতীত কিছুই না।
এই কাননে বসন্ত ঋতু অল্প মাত্র স্থায়ী, আবার তার উপর—
হে নববিকসিত প্রসূন নষ্টশীল ঋতুর জন্য আমার দুর্ভাবনা বৃথা
ধরাতলের দ্রব্য সামগ্রীর কিছুমাত্র অভিলাষী হইও না,
এই দ্রব্য সামগ্রী, এই বাজার, এই রত্নরাজি, এই বিপণি অসার।
হৃদয়-কর্ণে নষ্টশীল উল্লাসের রব,
রোদন, আর্ত্তনাদ, দীর্ঘ নিশ্বাস ও বিলাপ ব্যতীত কিছুই না।
যাহা হইবার হইবে, না হইবার কি শক্তি আছে,
চিন্তা করিয়া কি লাভ—বৃথা অনিদ্রাই ছার।
জগতের রঙ্গ কি দেখিলাম "জফর"
এই কল্পিত স্থানে কল্পনা ও অনুমান ব্যতীত কিছুই নাই।

غزل

جو تماشا دیکھنے کے تھے آئے ہوے -

کچھہ ندیکھا پھر چلے آخر وہ پچھتائے ہوے *

فرشِ مخمل پر بھي مشکل سے جن ھیں آتا تھا خواب -

خاک پر سوتے ھیں اب وہ پانؤ پھیلائے ھوے *

جو مہیائے فنا ھستي میں ھیں مثلِ حباب -

ھوتے ھیں اول ھي سے پیدا وہ کفنائے ھوے *

غنچے کہتے ھیں کہ ھوگا دیکھے کیا اپنا رنگ -

جب چمن میں دیکھتے ھیں پھول کھلائے ھوے *

غافلو اس اپني ھستي پر کہ ہے نقشِ بر آب -

موج کے مانند کیوں پھرتے ھو بل کھائے ھوے *

بے قدم نقشِ قدم کب بیٹھہ سکتا کہ ھم -

آپ سے بیٹھے نہیں بیٹھے ھیں بٹھلائے ھوے *

اے ظفر بے آبِ رحمت اُسکے کیونکر بجھہ سکے -

نفسِ سرکش کے جو یہ شعلہ ھیں بھڑکائے ھوے *

-:*:-

গজল

জো তমাশা দেখনে দুনীয়াকে থে আয়ে হোএ,
কুছ নদেখা ফির চলে আখির ওহ পচতায়ে হোএ।
ফরশ-এ-মখমল পরভী মুশকিলসে জিনহেঁ আতাথা খোঁআব,
খাক পর সোতে হৈঁ অব ওহ পাঁউ ফৈলায়ে হোএ।
জো মুহীয়ায়ে ফনা হস্তী মেঁ হৈ মসল-এ-হবাব,
হোতে হৈ আউলহী সে পৈদা ওহ্ কফনায়ে হোএ।
গুঞ্চে কহতে হৈঁ কি হোগা দেখে ক্যা অপনা রঙ্গ্।
জব চমন মেঁ দেখ্তে হৈ ফুল খিলায়ে হোএ।
গাফিলো ইস অপনী হস্তী পর কি হৈ নকৃশ-এ-বর আব্
মৌজ কে মানিন্দ ক্যোঁ ফিরতে হো বলখায়ে হোএ।
বে কদম্ নকশ-এ-কদম কব বৈঠ সকতা হৈ কি হম্
আপসে বৈঠে নাহিঁ বৈঠে হৈঁ বঠলায়ে হোএ।
ঐ "জফর" বে আব-এ-রহমত উসকে ক্যোঁকর বুঝ সকে,
নফস্-এ-সরকশকে জো য়হ শুলা হৈঁ ভড়কায়ে হোএ

-:*:-

অনুবাদ

জগতের যে রঙ্গ দেখিবার জন্য সে আসিয়াছিল,
কিছুই দেখেনাই ফিরিয়া গিয়াছে অবশেষে পস্তাইয়াছে।
মখ্‌মলের শয্যাতেও যাহার কষ্টে নিদ্রা হইত,
এখন সে পা ছড়াইয়া মাটিতে শয়ন করিতেছে।
নশ্বর ধরাতলের ধন রত্ন বুদ্‌বুদের মত,
প্রথম হইতেই তাহাতে মৃত্যুকালীন পরিধেয় বেশ উদ্ভব হয়
কুসুম-কলিকাগুলি কহে দেখি নিজবর্ণ কিরূপ হয়,
যখন মালঞ্চে ফুল ফুটিয়াছে দেখিতে পায়।
রে অসাবধান-জলের লিখন-স্বরূপ স্বীয় অস্তিত্বের উপর—
তরঙ্গের ন্যায় কেন আঁকিয়া বাঁকিয়া চলিয়াছ।
পদহীন পদচিহ্ন কখন বসিতে পারে, আমি—
নিজ হইতে বসি নাই, বসিয়াছি বসাইয়াছে বলিয়া।
